

2016
BENGALI
[GENERAL]
Paper : IV

Full Marks : 100

Time : 3 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : $৮ \times ২ = ১৬$
- ক) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে দেবতার নামানুসরণে চারটি পুরুষ চরিত্রের নাম লেখো।
- খ) 'ছিন্নপত্র' গ্রন্থে মোট পত্রের সংখ্যা কত? পত্রগুলি কাদের উদ্দেশ্যে লেখা?
- গ) 'ছিন্নপত্র'-এর প্রকাশকাল কত? প্রকাশক কে?
- ঘ) প্রবন্ধের দু'টি আবশ্যিকীয় লক্ষণ লেখো।
- ঙ) একটি করে বস্তুনিষ্ঠ ও আত্মগৌরবী প্রবন্ধের দৃষ্টান্ত দাও।
- চ) 'চিঠি'-র আরো দু'টি সমার্থক শব্দ লেখো।
- ছ) রবীন্দ্রনাথের চিঠি সংক্রান্ত দু'টি গ্রন্থের নাম লেখো।
- জ) 'Tit for tat' কথাটির বাংলা কী?
- ঝ) 'The child is father to the man' কথাটির বাংলা লেখো।
- ঞ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটির প্রকাশকাল লেখো। সেই বছরে প্রকাশিত লেখকের অন্য একটি উপন্যাসের নাম লেখো।
- ট) 'ছিন্নপত্র'র সঙ্গে রবীন্দ্রনাথের ছোটগল্পের সম্পর্ক কী?
- ঠ) কুবেরের স্ত্রী এবং শ্যালিকার নাম লেখো।

- ২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো :

ক) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে ময়নাদ্বীপের গুরুত্ব লেখো।

৬

অথবা

'পদ্মানদীর মাঝি' উপন্যাসে পূর্ববঙ্গের সরস এবং অকৃত্রিম কথাভাষার প্রয়োগ সম্পর্কে আলোচনা করো।

৬

খ) 'ছিন্নপত্র'র ৩০ সংখ্যক পত্রটি কবে, কোথায় লেখা? পত্রটির মূলভাব সংক্ষেপে লেখো।

২+৪=৬

অথবা

'ছিন্নপত্র'-র ৮১ সংখ্যক পত্রটির মূলভাব নিজের ভাষায় লেখো।

৬

- ৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো :

ক) আঞ্চলিক উপন্যাস কাকে বলে? 'পদ্মানদীর মাঝি' উপন্যাসকে এই শ্রেণিতে ফেলা কতখানি সঙ্গত যুক্তিসহ লেখো।

২+১০=১২

অথবা

কুবের-মালা-কপিলা চরিত্রের আন্তঃসম্পর্কই 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের জটিলতা তৈরি করেছে — বিচার করো।

১২

খ) ব্যক্তিবিশেষকে অবলম্বন করে নির্বিশেষ ভাবনাকে প্রকাশ করেছেন রবীন্দ্রনাথ— 'ছিন্নপত্র'র পঠিত পত্র অবলম্বনে বিশদ করো।

১২

অথবা

'ছিন্নপত্র' কোন্ পত্রিকায়, কী নামে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? ১০৮ সংখ্যক পত্রটির সাহিত্যমূল্য বিচার করো।

২+১০=১২

গ) তোমার পাড়ায় পানীয় জলের সংকটের জন্য সংশ্লিষ্ট
আধিকারিকের কাছে একটি আবেদন পত্র লেখো। ১২

অথবা

সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে তুমি প্রধানমন্ত্রীর
ত্রাণ-তহবিলে কিছু সাহায্য দিতে চাও— সেই মর্মে একটি
আবেদন পত্র লেখো। ১২

৪। বাংলায় অনুবাদ করো : ১৬

Nowadays we face the problems of global warming, environmental pollution, insufficient raining and many other hazards which are directly or indirectly caused by the evils of deforestation. Urbanization is the recent tendency that engulfs the balance in the natural environment.

People cut off trees mercilessly in order to build houses and factories as embellishments of modern civilization. They are little conscious of the necessity of trees and plants. We forget that trees give us oxygen and trees cause rains and bring balance in ecological system. Urbanization produces carbon dioxide and we destroy trees which absorb carbon dioxide which is a threat to life. Consequently, it results in environmental pollution.

অথবা

Human rights are those basic entitlements and freedoms that make our lives satisfying and meaningful. To be free from fear, free from

deprivation and to have the opportunity to achieve all that we are capable of is a fundamental human aspiration. That is why human rights are sometimes called "natural rights".

The international community, including India, have all agreed on what these rights are and what they mean. Human rights include, for example, the right of life, which includes the right to live with dignity, the right to equal treatment and not to be discriminated against, freedom from torture, freedom from forced labour, freedom from wrongful arrest, the right to fair trial, freedom of information, thought, conscience, religion, the right to privacy, right to free speech and expression, freedom to associate with others and to take part in government, public and community affairs, right to food, housing, health, a clean environment, education, work, equal pay for equal work, strike and the right to preserve one's culture and way of life.

৫। যে-কোনো একটি বিষয় অবলম্বন করে প্রবন্ধ রচনা করো :

২০

- ক) বাংলা ছোটগল্প ও রবীন্দ্রনাথ
- খ) কুসংস্কার, ধর্ম ও বিজ্ঞান
- গ) তথ্য প্রযুক্তির প্রয়োগ ও পরিণাম
- ঘ) জনমত গঠনে গণমাধ্যমের ভূমিকা
- ঙ) তোমার প্রিয় ব্যক্তিত্ব